West Bengal Form No. 27

1497

# FIRST INFORMATION REPORT

(Under Section 154 Cr. P.C.)

Dist. SPC P.S. Bhakhnagar Year 2021 FIR No. 817/21 Date 07/07/2021

(i) Act — Sections — (ii) Act IPC Sections. 498A/325/342/307/34

(iii) Act — Sections — (iv) Others Acts & Sections Sec 3/4 D.P Act

(a) Occurrence of Offence : Day Since of her marriage Date From Date To —

Time Period — Time From 27/03/2015 Time To —

(b) Information received at P.S. Date 07/07/2021 Time 13:25 hr

(c) General Diary Reference : Entry No.(s) 367 Time 13:25 hrs

Type of Information : — Written / Oral

Place of Occurrence : (a) Direction and Distance from P.S. 7 km east — Beat No. —

(b) Address Ilahadanga PS Bhakhnagar. Dist: Jalpaiguri.

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. — District —

Complainant / Informant :

(a) Name Smt Monashi Mondal (Barman)

(b) Father's / Husband's Name w/o Sri Kamal Mondal

(c) Date / Year of Birth : (d) Nationality Indian.

(e) Passport No. — Date of Issue : — Place of Issue

(f) Occupation —

(g) Address Ilahadanga PS Bhakhnagar, Dist: Jalpaiguri.

Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) : ① Kamal Mondal (Husband) ② Sanjoy Mondal (brother in law) ③ Sankar Mondal (Father in law) ④ Pinky Chatterjee (sister in law) and others all of Ilahadanga PS Bhakhnagar, Jalpaiguri.

Reasons for delay in reporting by the Complainant / Information

Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

Total value of properties stolen / involved —

Inquest Report / U.D. Case No. if any

FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint which is treated as FIR is enclosed herewith / reproduced overleaf.

Action taken : Since the above report reveals commissions of offence(s) as mentained at item No. 2, registered the case and took up to the investigation / directed SI SWAPAN GHOSH to take up investigation / refused investigation / transferred to P.S. OF ASHIGHAR OP. on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complaintant / Informant free of cost.

07/07/21.

Noted in original complaint

Signture / Thumb impression of the Complainant / Informant

Signture of the Officer-in-Charge, Police Station

Inspector-in-Charge, Bhaktinagar Police Station, Siliguri Metropolitan Police

Name : DAWA TSHERING SHERPA

Date & Time of despatch to the court : —

Rank : SI OF POLICE No. :

Date: 06-07-2021

Received on 07/07/21 at 13.25 hrs vide GDE No 367 dt 07/07/2021 and started Bkn PS case No 817/21 dt 07/07/2021 U/S 498A/325/323/34 IPC r/w sec 3/4 DP Act and endorsed the same to SI Swapan kr Ghosh of Ashighar. for the investigation

Inspector-in-Charge
Bhaktinagar Police Station

To
The Officer-in-Charge,
Ashighar Outpost,
Under Bhaktinagar Police Station,
Dist. Jalpaiguri.

**Sub: <u>F.I.R.</u>**

মহাশয়,

আমি শ্রীমতি মানসী মন্ডল (বর্মন), স্বামী শ্রী কমল মন্ডল, পিতা শ্রী জগদীশ বর্মন, বর্তমান বয়স ২৮ বছর, সাকিন - পূর্ব হাতিয়াডাঙ্গা, ডাকঘর - সাহুডাঙ্গীহাট, অঞ্চল ডাবগ্রাম-২, থানা - ভক্তিনগর, জেলা - জলপাইগুড়ি, পিন -৭৩৫১৩৫, আপনাকে জানাইতেছি যে, গত ইং ২৭-০৩-২০১৬ তারিখে আমার সহিত পূর্ব হাতিয়াডাঙ্গা, ডাকঘর - সাহুডাঙ্গীহাট, অঞ্চল ডাবগ্রাম-২, থানা - ভক্তিনগর, জেলা - জলপাইগুড়ি, পিন - ৭৩৫১৩৫, শঙ্কর মন্ডলের ছোট ছেলে শ্রী কমল মন্ডলের সাথে বিবাহ হয়। বিবাহের সময় আমার বাড়ি হইতে সত্তর হাজার টাকার স্বর্ণ অলঙ্কার, আসবাব পত্র এবং কিছু অর্থ যৌতুক হিসাবে দেওয়া হয় তাদের দাবীমতো। বিবাহের পরবর্তী দিন আমি আমার স্বামীর সাথে শ্বশুরালয়ে গিয়ে সংসার শুরু করি। এরপর থেকে এক বছর আমরা ভালোভাবে সংসার করি, কিন্তু এক বছর পর থেকে আমার স্বামী আমাকে বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ দিতে থাকে। আমি আনব না বললে আমাকে মরধর করে। তাই এক দুবার আমি বাবার কাছ থেকে কিছু টাকা আনি। তখন আবার কিছুদিন সে ভালো ব্যবহার করে, কিন্তু টাকা শেষ হয়ে গেলে আবার সে আমার উপর শারীরিক ও মানসিক অত্যাচার শুরু করে।

প্রকাশ থাকে যে, আমার স্বামীর সাথে সাথে তার দাদা সঞ্জীব মন্ডল, দিদি পিংকি চ্যাটার্জী এবং আমার শ্বশুর মশাই শঙ্কর মন্ডল আমাকে কুটুক্তি করতেন এবং আমাকে মারতে আমার স্বামীকে সহযোগিতা করতেন। আমি হলাম হিন্দু বাড়ির মেয়ে এবং বৌমা, তাই আমি এসব সহ্য করে যেতাম, কাউকে কিছু বলতাম না এবং কখনও থানাতেও জানাইনি লোক লজ্জার ভয়ে। কিন্তু আমার স্বামী তার দাদা ও দিদি সব সময় আমাকে কুটুক্তি করেই চলছিল যে আমি ভিখারী বাড়ির মেয়ে এবং যেহেতু আমার স্বামীর দিদি শ্রীমতি পিংকি চ্যাটার্জীর শ্বশুর বাড়ি আমার শ্বশুর বাড়ির কাছাকাছি তাই বেশীরভাগ সময় এই বাড়িতে চলে আসে এবং আমার স্বামীকে ভুল বুঝিয়ে আমার সাথে কোন্দল ঝগড়া করায় এবং সময় সময়তে আমাকে মেরে ফেলার জন্য তারা অর্থাৎ আমার স্বামী এবং আমার স্বামীর দিদি, দাদা এবং আমার শ্বশুর প্ররোচনা দিতে থাকে।

এইভাবে আমি বিভন্ন অত্যাচার সহ্য করতে থাকি এবং মুখ বুজে সংসার করার চেষ্টা চালিয়ে যাই। ইতিমধ্যে আমি অন্তঃস্বত্বা হয়ে পড়লে আমার স্বামী আমাকে ঠিকমতো ডাক্তার দেখাতে চাইত না, খালি বলতো, "তোর বাপের বাড়ি থেকে টাকা নিয়ে আয়। আমার কাছে ডাক্তার দেখানো এবং ঔষুধ পত্র কেনার টাকা নেই।" তখন বাবার কাছ থেকে টাকা আনতে না পারলে প্রচন্ড মারধর করত। এইভাবে দিন কাটাতে কাটাতে অবশেষে ০৮-০২-২০১৯ তারিখে আমি এক কন্যা সন্তানের জন্ম দিই। তাহার নাম শ্রীরুপা মন্ডল। কন্যা সন্তানের জন্মের পর আমার স্বামী আমাকে বাড়ি থেকে চলে যেতে বলে, কারণ যেহেতু আমার ছেলে সন্তান হয়নি এবং আমাকে

মানসী মন্ডল (বর্মন)

অপর পৃষ্ঠায়

BKN PS ISPC

এবং আমার মেয়েকে ঠিকমতো খেতেও দিত না। পরবর্তীকালে আমার স্বামী, তার বাবা, দাদা এবং দিদি আমাকে মেরে বাড়ি থেকে তাড়ানোর চেষ্টা করে। কিন্তু তাতেও আমি কারও বিরুদ্ধে থানায় এবং পঞ্চায়েতের কাছে অভিযোগ জানাইনি লোক লজ্জার ভয়ে।

প্রকাশ থাকে যে, আমার শ্বশুর মশাই একজন প্রাক্তন প্রধান। আমার শ্বশুর মশাইয়ের প্রচুর অর্থ এবং লোকবল প্রচুর। সেই অর্থে উনার বিরুদ্ধে কিছু করা প্রচন্ড শক্ত। তাই আমার উপর এইভাবে শারীরিক ও মানসিক অত্যাচার হলেও উনার বিরুদ্ধে কোন প্রতিবেশী কিছু বলতে সাহস পায় না।

এইভাবে শারীরিক ও মানসিক দুঃখ, কষ্ট সহ্য করতে করতে ছয় বছর সংসার করি, কিন্তু গত ০১-০৭-২০২১ তারিখে অর্থাৎ বৃহস্পতিবার রাত ১০-০০ টা নাগাদ আমাকে আমার স্বামী আবার বাবার কাছ থেকে আরও টাকা নিয়ে আসতে বলে, তা না পারলে বাড়ি থেকে চলে যেতে বলে। আমি তাতে মত না দিলে আমাকে তার দাদা এবং আমার শ্বশুর মশাইয়ের সামনে চুলের মুঠি ধরে সারা শরীরে প্রচন্ড ঘুসি মারতে থাকে। কিন্তু কেউ আমাকে ছাড়াতে আসে নি এবং আমাকে মেরে ফেলার চেষ্টা করে। তখন আমি বাঁচার জন্য আমার শ্বশুর বাড়ি ছেড়ে পালিয়ে বাবার বাড়িতে যাই প্রচন্ড অসুস্থ শরীর নিয়ে। কিন্তু দুদিন বাদে ভোর রাত ২-৩০ মিনিটে আমার শরীরের প্রচন্ড অবনতি ঘটায় আমার বাবা আমাকে শিলিগুড়ি হাসপাতালে ভর্তি করে এবং আমার শারীরিক অবস্থা খুব খারাপ থাকায় আমাকে হাসপাতালে ভর্তি থাকতে হয় এবং ০৪-০৭-২০২১ তারিখে সন্ধ্যায় আমাকে হাসপাতাল থেকে ছেড়ে দেয়।

আমার শরীর প্রচন্ড অসুস্থ থাকায় আমি হাসপাতাল থেকে বাড়ি ফেরার একদিন পর থানায় এই অভিযোগ দায়ের করছি।

মহাশয়ের কাছে আমার একান্ত অনুরোধ আপনি এই অভিযুক্তদের বিরুদ্ধে তাড়াতাড়ি ব্যবস্থা গ্রহণ করুন, নাহলে অভিযুক্তরা আমাকে আর বাঁচতে দেবে না।

ইতি

মানসী মন্ডল (বর্মন)

মানসী মন্ডল (বর্মন)

Mobile No. 74319-30940

**Enclosure:-**

Medical Report

**Copy to:-**

Commissioner of Police,
Siliguri Police Commissionerate,
SMC, Siliguri

Received on 06.07.2021 at 23.50 hrs vide ASG OP GDE No 176 dt 06.07.21 and forwarded to I/C BNGR PS for starting a specific case. Endorsed to SI Roopam Ghosh for its investigation

06/07/21
OFFICER IN-CHARGE
ASHIGHAR OUT POST
Under Bhaktinagar P.S
Siliguri Police Commissionerate

Date & Time - 